# Vidyasagar Teachers' Training College


ESTD.: 1968

(Affiliated to BSAEU & Recognized by N.C.T.E.)

P.O.: MIDNAPORE, DIST.: PASCHIM MEDINIPUR, PIN - 721101




# HIGHLIGHTS OF THE YEAR




REPUBLICDAY(26th January2022)




SARASWATIPUJA(5th February2022)




International Mother Language Day: 21.02.2022




INTERNATIONALWOMEN'SDAY:08.03.2022





WORLD HEALTH DAY: 07.04.2022



WORLDBOOKDAY:23.04.2022



INTERNATIONAL YOGA DAY: 21.06.2022




INDOOR GAMES AND SPORTS

# পদক্ষেপ

## বার্ষিক পত্রিকা ২০২২

# Padakshep

## Annual Magazine : 2022

**Vidyasagar Teachers' Training College**

ESTD.: 1968

(Affiliated to BSAEU & Recognized by N.C.T.E.)

[College Code : 16003 ■ AISHE Code : C 19403]

**P.O.: MIDNAPORE, DIST.: PASCHIM MEDINIPUR, PIN - 721101**

Phone : 03222-275479

Website: vttcollege.org.in; Email: vttcollege68@gmail.com

**Padakshep 2022: an yearly house magazine**
**of**
**Vidyasagar Teachers' Training College**


**Publisher**
Dr. Monoranjan Bhowmik
Principal, Vidyasagar Teachers' Training College



**Editorial Board**
Dr. Jayashri Roy, Asst. Prof.
Dr. Rudreswar Mishra, Librarian & Guest Teacher
Smt. Jhuma Chowdhury, Asst. Prof.

**Students' Magazine Committee**
Abadul Mallick
Sk. Serafat Ali
Priyangbada Bhowmik
Susmita Paramanik
Supravat Kalsar
Souvik Mondal
Somnath Bera
Dilip Bera
Dibyendu Ari
Jyoti Gupta
Shramana Jana



**Cover Page Illustration by**
Simpa Nag
Student, Vidyasagar Teachers' Training College

**Printed at**
Mithu Enterprise
Midnapore,-721101
Contact No:9233303278

## Principal's Message



Amidst the pandemic our college this year found a lot of success in the form of our NAAC accreditation on 31st May and 1st June, 2022. The accreditation status of the college is B+. The session 2021-22 was one of the busiest academic year where our college attained new heights of academic success. This year was an addition to the glorious teaching-learning process through internal and external seminars. From conducting inhouse seminars to international seminars the teaching learning process was moulded towards holistic development of our budding trainee teachers.

The College not only tried to upgrade its academic facets but also strengthened its infrastructure facilities from lab to library, from playground to recreation room. The environmental awareness reached its new heights with Green Audit being conducted in this session. The Internal Complaint Committee appointed new members to uphold student rights and protect them from any exploitation.

The achievements have only been possible because of relentless efforts of staffs, teachers and students. I congratulate all of them and hope they will continue to put in effort for improvement of the institution. Every year our teacher educators and trainees express their ideas and emotions in the form of Padakhshep.

The magazine is very close to our heart as we see our young minds being shaped into successful teachers of future. It gives me immense pleasure to see the trainees are finding constructive outlet for their emotion and engaging in creating social awareness. I appreciate the editorial board for their hard work and dedication in investing their effort to organise and supervise the publication procedure. I wish all the trainees very best for their future endeavours.

**Dr. Monoranjan Bhowmik**
**Principal**
**Vidyasgar Teachers' Training College**

# IQAC MESSAGE

It is a matter of pride to pen down the message for the annual college magazine of Vidyasagar Teachers' Training College. My heart fills with immense pleasure as I perceive the progress being made at Vidyasagar Teachers' Training College, Midnapore. The entire purpose of education is not to restrict itself to imparting bookish knowledge only but inculcate humanitarian values like wisdom, compassion, courage, humility, integrity and reliability in our trainees. I extend my warm wishes to the students and staff to continue this journey on the road to excellence.

**Dr. Kishwar Badakhshan**
Co-ordinator
IQAC

## MEMBERS OF THE COLLEGE GOVERNING BODY

| SL NO | MEMBERS NAME | DESIGNATION | MOBILE NO | EMAIL |
|---|---|---|---|---|
| 1 | SRI NARAYAN SANTRA | President | 7908844183 | vttcollege68@gmail.com |
| 2 | DR. MONORANJAN BHOWMIK | Principal & Secretary | 9434177252 | mbvttc@gmail.com |
| 3 | SRI UTTAM KUMAR ROY | Govt. Nominee | 7001588252 | vttcollege68@gmail.com |
| 4 | SRI SANDIP GHOSH | Govt. Nominee | 9434996277 | vttcollege68@gmail.com |
| 5 | DR. BISWAJIT SEN | Teacher Representative | 9434431827 | bsen75@yahoo.co.in |
| 6 | DR. RUDRESWAR MISHRA | Teacher Representative | 9732962519 | rudreswarmishra@gmail.com |
| 7 | DR. SUJIT SAMANTA | Teacher Representative | 9475818396 | sujit_iacs@yahoo.com |
| 8 | PROF. RAJ KUMAR KOTHARI | University Nominee | 9433467692 | vttcollege68@gmail.com |
| 9 | SRI NIRMALYA CHAKRABORTY | Nominee of WBSCHE | 8348079173 | vttcollege68@gmail.com |
| 10 | DR. KALYANI MAITI (DAS) | University Nominee | 9153438136 | vttcollege68@gmail.com |
| 11 | SRI SUMIT KUMAR SHIT | Non Teaching Representative | 8972958463 | vttcollege68@gmail.com |

## MEMBERS OF THE TEACHING STAFF

| SL.NO | NAME & ACADEMIC QUALIFICATION | DESIGNATION | SUBJECT |
|---|---|---|---|
| 1 | DR. MONORANJAN BHOWMIK, M.SC. (MATH), M.ED., M.A.(EDU), PH.D. (MATHEMATICS), PH.D. (EDU) | Principal | Mathematics |
| 2 | DR. BISWAJIT SEN, M.SC. (PHYSICS),M.ED, PH.D. (PHYSICS) | Associate Professor | Physics |
| 3 | DR. SUJIT SAMANTA, M.SC. (CHEMISTRY), M.A. (EDU), M.ED., PH.D.(CHEM) | Associate Professor | Chemistry |
| 4 | DR. SUTAPA BISWAS M.SC. (BOT.), M.ED., M.A. (EDU.), PH.D.(BOT.) | Assistant Professor | Life Science |
| 5 | DR. KISHWAR BADAKHSHAN, M. A. (ENG.), M. ED., PH.D.(EDU.) | Assistant Professor | English |
| 6 | DR. JAYASHRI ROY, M.A.(GEO.), M.A.(EDU), M.ED., PH.D.(GEOGRAPHY) | Assistant Professor | Geography |
| 7 | Smt. RATNA BISWAS, M.A. (HIST.), M.ED., M.A.(EDU) | Assistant Professor | History |
| 8 | DR. RANITA BANERJEE, M.SC. (ECO), M.ED, PH.D.(EDU) | Assistant Professor | Economics |

| | | | |
|---|---|---|---|
| 9 | DR. RUDRESWAR MISHRA, M.A. (SANS), B.ED, M.LISC., M.A. (POL.SC), M.A. (EDU), PH.D.(LIB. SC.) | Librarian & Guest Teacher | Lib. Science & Education |
| 10 | SRI AVISHEK PATR A, M.F.A. (PAINTING), M.A.(HIST) | Assistant Professor SACT-II (Govt. Paid) | Art Education |
| 11 | SMT. SHIULI MAHAPATRA , M.A.(SANS), M.A.(EDU), M.ED. | Assistant Professor SACT-I (Govt. Paid) | Sanskrit |
| 12 | SMT. MADHUMITA MUKHOPADHYAY, M.A.(EDU), M.A. (SANS), B.ED. | Assistant Professor SACT-II (Govt. Paid) | Education |
| 13 | SMT. ASIMA JANA MAITI, M.A.(MUSIC), M.A.(EDU), B.ED. | Assistant Professor SACT-II (Govt. Paid) | Music |
| 14 | SMT. JHUMA CHOWDHURY, M.A (BENGALI),M.ED. | Assistant Professor Contractual (College Paid) | Bengali |
| 15 | SRI SUKHEN MONDAL, PHYSICAL EDUCATION, M.P.ED., PGDY | Assistant Professor Contractual (College Paid) | Physical Education |
| 16 | SRI BIPLAB BARIK, M.A.(PHILOSOPHY), M.PHIL., B.ED. | Assistant Professor Contractual (College Paid) | Philosophy |

## MEMBERS OF THE NON-TEACHING STAFF

| SL NO | NAME | DESIGNATION |
|---|---|---|
| 1 | SRI SUMIT KUAMR SHIT | Head Clerk |
| 2 | VACANT | Cashier |
| 3 | VACANT | Clerk |
| 4 | SRI SAMIRAN DAS | Operator-Cum-Mechanics |
| 5 | SMT. MINI NAYEK | Sweeper |
| 6 | SRI NEPAL KR. SAHOO | Office Peon |
| 7 | SRI INDRAJIT KUNDU | Lab. Attendant |
| 8 | SMT. UMARANI CHOWDHURY | Lady Attendant |
| 9 | SRI DIPAK DAS | Guard/Darwan |
| 10 | SRI SRIKANTA CHARAN SING | Guard/Darwan |
| 11 | SRI BIPLOB KUMAR PATRA | Night Guard |
| 12 | SRI BISWANATH CHOWDHURY | Lab. Attendant |
| 13 | SRI SWAPAN BHUNIA | Lib. Peon |



# Editorial

Our Institution publishes an Annual Magazine Padakhshep under the supervision of Magazine Committee. Every year the Committee motivates students to come forward and express themselves through writing. The College Magazine provides a platform for showcasing one's talent, creativity and for expressing the thoughts and perspectives. Our trainees try to produce nascent pieces of work which one admired and encouraged by peers. This magazine is the first encounter of trainees with academic writing before they delve into serious writeups.

The task of selecting the best of articles from a collection of creative efforts is done by the Editorial Team. The Editorial Team monitors the entire process starting from forming the rough draft to finally publishing the magazine. The team is enriched by the advice and suggestions of fellow teacher educators. The Editorial Board is also guided and helped by our Principal who motivates and stimulates us at every step. The Editorial Board expresses gratitude to every invididual who were with us in our beautiful journey at each step at every Padakhshep.

## সূচিপত্র


পৃ

শ্রী অরবিন্দ কেন ঋষি অরবিন্দ ? — বিপ্লব বারিক ৯

মনুষ্যত্বের ধর্ম — মনিমালা পাত্র ১৩

বৈদিকোত্তর যুগে — সৌভিক মন্ডল ১৫

বিবেকানন্দের চোখে ভারত — সেখ সেরাফত আলি ১৭

ক্ষণিকের আপন — সুতনু দাস ১৯

শরৎ স্মরণে — সুস্মিতা পরামানিক ২১

সব যেন দিঠির হতে উৎসারণ — সনাতন নায়েক ২২

ভি টি টি কলেজ — পায়েল শেঠ / বাড়ি ফেরার ডাক — অঙ্কনা ব্যানার্জী ২২

অক্লান্ত প্রেমিক — সোমনাথ বেরা / কবিতার খোঁজ — অনুস্মিতা রায় ২৩

স্মৃতির পাতায় — শ্রেয়াশ্রী পাত্র ২৩

ভূগোলের অবদান — স্বপন সাউ ২৪

তুমি মরীচিকা তুমি অনিশ্চিত — তাপস দে / অনুভূতির বিচ্ছুরণ — সুকদেব দাস ২৫

অনুভূতি — পায়েল শেঠ / স্বাধীনতা — সুস্মিতা জানা ২৫

আমি কৃষ্ণকলি চিনতে পারো — সংবৃতি বর্মন ২৬

মনের মানচিত্র — সংবৃতি বর্মন / স্মৃতির পাতা থেকে — দিব্যেন্দু আড়ি ২৭

সার্কাস — স্বপন সাউ / আমরা যখন প্রাক্তন — শানু সাবড়া ২৮

স্মৃতি — এবাদুল মল্লিক ২৮

তোর শহর আমার শহর — পাপাই পোড়্যা ২৯

শীত এল বলে — সুশীল সরেন / মন — গোপাল চন্দ্র দে ২৯

সিম্পা নাগ — মনের ব্যথা / আদর্শ মেয়ে — শর্মিলা খাতুন ৩০

জানা নেই — সুভাশিষ দোলই / ধৈর্য্য — এন্তাজুল মোল্লা ৩০

রাতের ছবি — মৌমিতা হাঁসদা / দিমনি — সুমিত্রা জানা ৩১

Footprints – Jyoti Gupta. 32

Songs at midnight – Dilip Bera 33

Moments no mere – Rajnandini Giri 34

Beat Plastic Pollution – Dr. Sutapa Biswas 34

Big little Dreams – Deborupa Saha 35

Fifa World – Urbashri Murmu 36

Cryptocurrency – A new age medium – Dr. Ranita Banerjee 37

Water Characteristics Paschim Bardhaman District — Dr. Jayashri Roy 38

Climate Change — Masammad Roj 40

**Creative Corner** **42**

1.Ankana Banerjee 2.Priya Gupta 3.Jyoti Gupta
4.Sramana Jana 5.Riya Das 6.Poulami Mondal

Students' List (2021-23 & 2022 - 24) 43

Vidyasagar Merit- Cum Means Scholarship & Student of the year-2022 51

Annual Sports-2022 52

# শ্রী অরবিন্দ কেন ঋষি অরবিন্দ ?

বিপ্লব বারিক, সহকারী অধ্যাপক

মহাবিশ্বে কোনো অশুভ শক্তির প্রাদুর্ভাব বৃদ্ধি পেলে তার হাত থেকে শুভ শক্তিকে রক্ষা করার উদ্দেশ্যে বিভিন্ন দেবদেবীর আবির্ভাব ঘটেছে। এই রীতিটি জগৎ সৃষ্টির থেকে পালিত হয়ে আসছে। বিভিন্ন ধরণের পৌরাণিক কাহিনী থেকে শুরু করে আমাদের বিখ্যাত মহাকাব্যের ঘটনাগুলি তা প্রমাণ স্বরূপ ঐতিহ্য বহন করে আসছে। বর্তমানে আমরা আজ একবিংশ শতাব্দীর সময়ে অবস্থান করছি। এই সময়ে যখন আমাদের জগতে সংকট তৈরী হয় দেব- দেবীগণ সেই সংকটের হাত থেকে রক্ষা করার জন্য বিভিন্ন অবতারে আমাদের মধ্যে আবির্ভূত হয়ে নিঃস্তব্ধে নিজেদের ক্রিয়া সমাপন করে আবার নিজেদের জগতে ফিরে যান। তবে এই আবির্ভূত হওয়ার ধারাটি অব্যাহত থাকলেও আবির্ভাবের ধরনটা পরিবর্তিত হয়ে গেছে। তার কারণ হল জগতের মূল নিয়ম। জগতের নিয়ম হল— পরিবর্তনের বিশ্বসংসারে যে নিজেকে বিবর্তনের দ্বারা অভিযোজিত করতে পারবে, সেই তার অস্তিত্বের ধারাটিকে প্রবহমান করতে সমর্থ হবে। উনবিংশ শতাব্দী থেকে একবিংশ শতাব্দীতে মূল্যবোধের সংকটের ছবিটি প্রকট রূপ ধারণ করেছিল, তাই আমাদের মধ্যে একই সঙ্গে চারজন যুগপুরুষ তথা দেবমানবের আবির্ভাব ঘটেছিল। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১ খ্রী. জন্ম), স্বামী বিবেকানন্দ (১৮৬৩ খ্রী. জন্ম), মহাত্মা গান্ধী (১৮৬৯ খ্রী. জন্ম) ও শ্রী অরবিন্দ (১৮৭২ খ্রী.)। উনবিংশের পূর্বেও বিভিন্ন সংকটের সময়ে দেব- দেবীগণ বিভিন্ন অবতারে এসে সংকটাপন্ন জগতকে রক্ষা করেছেন। অবতারে আবির্ভূত হওয়াটা সেই সময়কার পরিবেশ পরিস্থিতির উপর নির্ভর করে নির্ধারিত হত। কেননা সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে অবতারেরও পরিবর্তন ঘটেছে। প্রাচীনকালে মহাকাব্যের বা পুরাণের ঘটনাগুলির মাধ্যমে অবতারের রূপেরও পরিবর্তন ঘটেছে তা প্রমাণ পাওয়া যায়। বর্তমান সময়ে অবতারের রূপ হল দেবমানব। একজন সাধারণ মানুষ কিভাবে দেবমানবে পরিবর্তিত তাই আলোচনা করে দেখানোর চেষ্টা করবো। দেবমানব তথা উনবিংশ শতাব্দীর এক অন্যতম অবতার শ্রী অরবিন্দ থেকে কিভাবে ঋষি অরবিন্দ হয়েছিলেন তা আলোচনা করার চেষ্টা করব। তিনি কিভাবে জগতের সংকটময় অবস্থাকে অতিক্রম করার দিশা দেখিয়েছেন তা দেখানোর চেষ্টা করব। তিনি নিজের জীবনে স্বীয় উপলব্ধির মাধ্যমে প্রমাণ করেছেন যে, একজন অতি সাধারণ মানুষ হয়েও বিভিন্ন সংকটময় অবস্থা অতিক্রম করে দেবমানবরূপে বিবর্তিত হওয়া সম্ভব।

শ্রী অরবিন্দ ১৮৭২ সালে ১৫ই আগস্টে হুগলীর কোন্নগরে প্রসিদ্ধ ঘোষ বংশে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা কৃষ্ণধন ঘোষ এবং মাতা স্বর্ণলতা দেবী। কৃষ্ণধন ঘোষ মশাই কলকাতার মেডিকেল কলেজে চিকিৎসা বিদ্যায় শিক্ষা গ্রহণ করে প্রথমে Assistant Surgeon হিসাবে নিযুক্ত হন। পরে উচ্চতর শিক্ষার জন্য বিলাত যান এবং সকটল্যান্ডের এবাডিন বিশ্ববিদ্যালয় থেকে M.D. ডিগ্রী লাভ করেন। দেশে ফিরে তিনি রংপুর, ভাগলপুর ও খুলনা জেলায় কৃতিত্বের সঙ্গে সিভিল সার্জনের কাজ করেন। বিলাত থেকে তিনি পুরোদস্তুর সাহেব হয়ে এসেছিলেন এবং K.D. Ghosh নামে পরিচিত ছিলেন। তাঁর উগ্র সাহেবিয়ানার একটি প্রমাণ এই যে, তাঁর বাড়ীতে ছেলেমেয়েরা হয় ইংরেজীতে, না হয় হিন্দুস্থানী ভাষাতে কথাবার্তা বলত। বাংলা ভাষা তাঁর বাড়ীতে সযত্নে পরিহার করা হতো। তিনি

তাঁর শিশুপুত্রদের জন্য Miss Pagett নামে এক ইংরেজ নার্স নিযুক্ত করেন। তাঁর উদ্দেশ্য ছিল গোড়া থেকেই ইংরেজী ভাষা ও ইংরেজী চালচলনে শিশুপুত্রদের অভ্যস্ত করা। শ্রী অরবিন্দ বাংলা শিখলেন না, ভাঙ্গা ভাঙ্গা ইংরেজী ও হিন্দুস্থানীতে কথা বলতে শিখলেন। কৃষ্ণধন ঘোষ এর সাহেবিয়ানার আর একটি প্রমাণ হল তিনি শ্রী অরবিন্দের নাম রাখেন 'আক্রয়েড অরবিন্দ ঘোষ'। এই নামেই বিলাতের স্কুলে অরবিন্দকে ভর্তি করেছিলেন।

বাংলা শিক্ষাব্যবস্থার উপর K.D. Ghosh এর কোন আস্থা ছিল না। তাই শ্রী অরবিন্দের বয়স যখন পাঁচ বছর তখন তাঁর পিতা, জ্যেষ্ঠ দুই ভাই– বিনয়ভূষণ ও মনোমোহনসহ শ্রী অরবিন্দকে দার্জিলিং–এর লরেটো মঠ-বিদ্যালয়ে প্রেরণ করেন। ঐ বিদ্যালয়টি বিশেষভাবে ভারতের উচ্চপদস্থ ইউরোপীয় কর্মচারীদের ছেলেমেয়েদের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। বিদ্যালয়ের শিক্ষয়ত্রীরা ছিলেন আয়ারল্যান্ডের মিশনারী মেম। শ্রী অরবিন্দের সহপাঠীরা ছিল ইউরোপীয় ছেলেমেয়ে। ১৮৭৯ সালে মে মাসে K.D. Ghosh, স্ত্রী স্বর্ণলতা দেবী, তিন পুত্র বিনয়ভূষণ, মনোমোহন ও শ্রী অরবিন্দ এবং শিশুকন্যা সরোজিনীকে নিয়ে বিলাত যাত্রা করেন। তিনি চেয়েছিলেন ভারতীয় পরিবেশ থেকে সম্পূর্ণ মুক্ত হয়ে এবং ভারতীয় সংস্কৃতির সঙ্গে সম্পূর্ণ অপরিচিত থেকেই তাঁর ছেলেরা পশ্চিমের জ্ঞান-বিজ্ঞানে পারঙ্গম হয়ে উঠুক। বিলাতে যাওয়ার পর শ্রী অরবিন্দের কনিষ্ঠ ভ্রাতা বারীন্দ্রের জন্ম হয়।

বিলাতে প্রথম পাঁচ বছর (১৮৭০–১৮৮৪ খ্রী.) শ্রী অরবিন্দ ম্যাঞ্চেষ্টার শহরে বাস করেছিলেন। সেই শহরের একজন পাদ্রী ও শিক্ষক Rev. William H. Drewett ছিলেন Dr. K.D. Ghosh–এর এক ইংরেজ বন্ধু, রংপুরের ম্যাজিস্ট্রেট গ্লেজিয়ার সাহেবের আত্মীয়। সেই পরিচয় সূত্রে মিঃ ড্রুয়েট ও তাঁর স্ত্রীর তত্ত্বাবধানে তাঁদের গৃহে শ্রী অরবিন্দের শিক্ষার ব্যবস্থা হয়। শ্রী অরবিন্দের বড় দুই ভাইয়ের স্কুলে যাবার বয়স হয়েছিল, তাই তাদের ম্যাঞ্চেষ্টার শহরে এক স্কুলে ভর্তি করা হয়। মিঃ ড্রুয়েট শ্রী অরবিন্দকে লাতিন ও ইংরেজী শেখাতেন, আর তাঁর স্ত্রীর কাছে শ্রী অরবিন্দ ইতিহাস, ভূগোল, পাটিগণিত ও ফরাসী ফাষার পাঠ নিতেন। সেন্টপলস স্কুলে (১৮৮৪–১৮৯০ খ্রী.) শ্রী অরবিন্দ ছয় বৎসর পড়েছিলেন। Dr. K.D. Ghosh সস্ত্রীক বিলাত থেকে ফেরার কিছু বৎসর পর শ্রী অরবিন্দ ও ভাইদের মধ্যে চরম অর্থাভাব দেখা যায়। সেইসময় বাধ্য হয়ে জ্যেষ্ঠ ভ্রাতা বিনয়ভূষণ দিনের সময় চাকরি করতেন। South Kensington Liberal Club নামক একটি ক্লাবের সেক্রেটারী হিসাবে কাজ করতেন এবং ওই ক্লাবের উপরতলায় একটি ছোট ঘরে সবাই একসঙ্গে থাকতেন। শ্রী অরবিন্দ খুব মেধাবী ছিলেন তাই তিন অল্প সময়ের মধ্যে নিজের দক্ষতা প্রমাণ করে বৃত্তির যোগ্যতা অর্জন করেন। সেন্ট পলস স্কুল থেকে বৃত্তি পেয়ে তিনি যখন কেম্ব্রিজ যান তখন শ্রী অরবিন্দের আর্থিক অবস্থার একটু উন্নতি হয়। তাঁর বৃত্তির টাকা থেকে তিনি ভাইদের কিছু কিছু অর্থ সাহায্য করতেন। ১৮৯০ খ্রী. তিনি কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের King's College এ ভর্তি হন। সেখানে তিনি মাত্র দুই বছর ছিলেন। প্রতিষ্ঠা করেছিলেন এবং শ্রী অরবিন্দ ও তাঁর ভাইয়েরা এই সমিতির সভ্য হয়েছিলেন। সমিতির নাম ছিল "The Lotus and Dagger Society".

১৪ বৎসর বিদেশে শিক্ষাগ্রহণ সম্পূর্ণ করে ১৮৯৩ খ্রীঃ থেকে ১৯০৬ খ্রীঃ পর্যন্ত তিনি বরোদার রাজ্য সরকারের কাজে নিযুক্ত ছিলেন। ১৯০১ সালে মৃণালিনী দেবীর সঙ্গে বিবাহ সম্পন্ন হয়। ১৯০৩ খ্রীঃ থেকে ১৯১০ খ্রীঃ পর্যন্ত তিনি সক্রিয়ভাবে রাজনীতিতে যুক্ত ছিলেন। কিন্তু ১৯০৩ সালের আগে তিনি পরোক্ষভাবে বিভিন্ন পত্রিকায় প্রবন্ধ লেখার মাধ্যমে দেশের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন করেছেন। সেইসঙ্গে দেশের বিভিন্ন সঙ্কটের

সময় বিভিন্ন রাজনৈতিক দলগুলির প্রতি প্রশংসাও যেমনভাবে করেছেন, ভুল পদক্ষেপেও সমালোচনা করেছেন। শ্রী অরবিন্দ দেশকে যে কত ভালোবাসেন তার প্রমাণ স্বরূপ মৃণালিনীদেবীকে লেখা চিঠি— "অন্য লোক স্বদেশকে একটা জড়পদার্থ, কতগুলো মাঠ, ক্ষেত্র, বন, পর্বত, নদী বলিয়া জানে, আমি স্বদেশকে মা বলিয়া জানি, ভক্তি করি, পূজা করি। মা'র বুকের উপর বসিয়া যদি একটা রাক্ষস রক্তপানে উদ্যত হয়, তাহা হইলে ছেলে কি করে? নিশ্চিন্তভাবে আহার করিতে বসে, স্ত্রীপুত্রের সঙ্গে আমোদ করিতে বসে, না মাকে উদ্ধার করিতে দৌড়াইয়া যায়?" শ্রী অরবিন্দ সক্রিয়ভাবে রাজনৈতিক জীবন অতিবাহিত করার সময় প্রতিটি সময়ে বিভিন্ন বাধার সম্মুখীন হতে হয়েছিল। কিছু মানুষের স্বীয় স্বার্থান্বেষী মনোভাবের জন্য দলের এবং জনগণের স্বার্থ ত্যাগ করে নিজেদের মধ্যে বিরোধীতা শুরু করে দলের মূল উদ্দেশ্য ও লক্ষ্য থেকে বিচ্যুত হয়ে যায়। ফলস্বরূপ নিজেদের মধ্য আর সাংগঠনিক ঐক্য থাকে না। বিভিন্ন ষড়যন্ত্রের শিকার হয়ে শ্রী অরবিন্দকে জেলে যেতে হয়।

জেল থেকে ফিরে আসার পর শ্রী অরবিন্দের মধ্যে এক আমূল পরিবর্তন লক্ষ্য করা যায়। তিনি কারাগারে বাসুদেবের দর্শন পান। শ্রী অরবিন্দের এই পরিবর্তনের বীজ সুপ্তাবস্থায় ছিল তার প্রকাশ ঘটে কারাগারে একাকীত্ব নির্জন জায়গায়। অনেকেই মনে করেন রাজনৈতিক দলাদলির জন্য শ্রী অরবিন্দ বিরক্ত হয়ে সক্রিয় রাজনৈতিক জীবন থেকে নিজেকে সরিয়ে নিয়ে আত্মগোপন করেছিলেন। কিন্তু এই কথাটি একেবারেই সত্য কথা নয়। তিনি যখন সক্রিয়ভাবে রাজনৈতিক কর্মকাণ্ডে যুক্ত ছিলেন তখনো তাঁর মধ্যে আধ্যাত্মিকতার ভাবনা সুপ্ত অবস্থায় ছিল। তিনি তখনও আধ্যাত্মিকতার চর্চায় সর্বদা যুক্ত ছিলেন। সেই সময়ে তিনি প্রথম যোগগুরু যোগী বিষ্ণু ভাস্কর লেলের নিকট শিষ্যত্ব গ্রহণ করেন। তিনি প্রথমে প্রাণায়ামের দ্বারা যোগ সাধনা শুরু করেন। কয়েক বছর প্রাণায়াম অভ্যাসের পর শ্রী অরবিন্দ অনুভব করলেন সাধন পথে অগ্রসর হওয়ার জন্য একজন সাধক গুরুর উপদেশ প্রয়োজন। সেইহেতু তিনি বিষ্ণু ভাস্কর লেলে মহারাজের কাছে দীক্ষা গ্রহণ করেন। তারপর যখন কারাগার থেকে বাসুদেব দর্শন হল, তখন তিনি এক আলাদা মানুষরূপে আবির্ভূত হলেন। তিনি নিজেকে ভগবানের যন্ত্রস্বরূপ বলে মনে করতেন। তিনি লেলে মহারাজের সম্পর্কে বলেন—"লেলের কাছে আমার এই মহাঋণ। কী করে মনকে শূন্য করতে হয় চিত্তের সকল বৃত্তি নিরোধ করতে হয় তার এক উপায় তিনি আমাকে শেখান।" (Sri Autobindo On himself, p. 132) সেইসময় তিনি উপলব্ধি করলেন যে আত্মসমর্পণ মার্গ হল সাধনমার্গ। তিনি উপলব্ধি করেছিলেন আধ্যাত্মিক উপায়ে পৃথিবীর মানুষকে মুক্ত করা সম্ভব। সেই উদ্দেশ্যে তিনি স্বীয় সিদ্ধির সঙ্গে সঙ্গে সমস্ত মানুষের মুক্তির জন্য ভগবানের আদেশে পণ্ডিচেরীতে নির্জনে সাধনা করতে শুরু করলেন। পণ্ডিচেরীতে এসে তিনি সাধনার দ্বারা সিদ্ধিলাভ করেন এবং মানুষের মুক্তির উপায়ও খুঁজে পান। তাঁর প্রমাণস্বরূপ বিখ্যাত গ্রন্থ 'The Life Divine, The Human Cycle, The Synthesis of Yoga.' ইত্যাদি।

১৯১০ খ্রী. ৪ঠা এপ্রিল শ্রী অরবিন্দের একটি সত্তার থেকে অপর সত্তা তথা ঋষি অরবিন্দরূপে আবির্ভূত হলেন। তিনি পণ্ডিচেরীতে সাধনায় সম্পূর্ণভাবে নিজেকে নিয়োজিত করার ফলে ধীরে ধীরে তাঁর মধ্যে এক আমূল পরিবর্তন ঘটে। তিনি সম্পূর্ণভাবে রাজনৈতিক ক্রিয়াকলাপের থেকে নিজেকে সরিয়ে নিলেন কিন্তু ১৯১৪ খ্রী. থেকে ১৯২১ খ্রী. পর্যন্ত আর্য পত্রিকা প্রকাশনার দায়িত্ব গ্রহণ করেছিলেন। আর্য পত্রিকায় তিনি তাঁর যোগসাধনার অভিজ্ঞতা এবং দেশ-বিদেশের পরিস্থিতির কথা ব্যক্ত করতেন। ১৯২০ খ্রী. শ্রীমা তথা মাদাম মিরা রিশা শ্রী অরবিন্দের সাধনার সহায়ক হলেন এবং পণ্ডীচেরী আশ্রমের কর্মভার গ্রহণ করলেন। ১৯২৬ খ্রী. ২৪ শে নভেম্বর শ্রী

অরবিন্দের জীবনের সেই মহাদিন যাকে বলা হয় শ্রী অরবিন্দের সিদ্ধি-দিবস। এরপর থেকে তিনি আরো গভীর সাধনায় নিজেকে নিযুক্ত করলেন এবং নিজেকে লোকচক্ষুর অন্তরালে সরিয়ে দিলেন। আশ্রমের চার-পাঁচজন সেবক ব্যতীত কেউই শ্রী অরবিন্দকে দেখতে পেতেন না। তবে বছরের চারদিন সমাগত অতিথি ও ভক্তদের দেখা দিতেন। অন্তরালে গমনের পরও প্রায় পঁচিশ বছর শ্রী অরবিন্দ বেঁচেছিলেন। ১৯৫০ খ্রী. ৫ই ডিসেম্বর শ্রী অরবিন্দ দেহত্যাগ করেন।

'শ্রী' শব্দটি কোনো নামের সৌন্দর্য্যতা বৃদ্ধি করে কিংবা কোনো ব্যক্তিকে মৌখিক সম্মান প্রদানে ব্যবহৃত হয়। 'ঋষি' শব্দের অর্থ হল জগত ও জীবন সম্পর্কে যিনি সত্য দর্শন করে ব্যক্ত করেন। শ্রী অরবিন্দের জীবনে দুটি পর্যায় লক্ষ করা যায়। প্রথমত তিনি একজন সাধারণ মানুষ হিসাবে জন্ম গ্রহণ করে সাধারণভাবে জীবন অতিবাহিত করেন ১৮৭২ খ্রী. থেকে ১৯২৬ খ্রী. পর্যন্ত 'শ্রী অরবিন্দ' নামে। কিন্তু ১৯২৬ খ্রী. পর থেকে তাঁর জীবনে ধীরে ধীরে পরিবর্তিত হওয়া সম্পূর্ণতা পেয়েছিল এবং তিনি 'ঋষি অরবিন্দ' নামে পরিচিতি লাভ করেছিলেন। তিনি প্রাচীন বৈদিক যুগের ঋষির মতো সত্য দ্রষ্টা ছিলেন। স্বাধীনতা লাভের পূর্বে ও স্বাধীনতা লাভের পরে দেশের অবস্থা কেমন হবে তা তিনি ব্যক্ত করেছিলেন। তিনি যে স্বপ্নগুলি দেখেছিলেন তা সবই বাস্তবায়িত হয়েছে। স্বপ্নগুলি হল— ভারতে রাষ্ট্র বিপ্লব দেখা দেবে, এশিয়ার নব জাগরণ, সর্বজগতে মৈত্রী প্রতিষ্ঠা, সর্বজগতে ভারতের আধ্যাত্ম তত্ত্ব সমূহের প্রচার ও প্রসার ও শেষ স্বপ্ন জগতের বিবর্তনের ধারায় মানুষ একধাপ এগিয়ে যাবে। শেষ স্বপ্নটি বাদে বাকিগুলি যথাযথভাবে পূরিত হয়েছে। আর শেষ স্বপ্নটিও একদিন বাস্তবায়িত হবে। মানবের এই দিব্য পরিবর্তন ঘটবে আধ্যাত্মবুদ্ধির ক্রমবিকাশের ফলে। এক্ষেত্রে তার সূচনা হয়ত হবে ভারতে এবং ভারত থেকে তা সর্বজগতে প্রসারিত হবে।

আজকের আণবিক যুগের আতঙ্কের দিনে শ্রী অরবিন্দ মানবের ও জগতের ভবিষ্যৎ সম্বন্ধে আমাদের পরম আশার বাণীই শুনিয়ে গেছেন। সেই ভবিষ্যৎ কে সফল ও সার্থক করার জন্যেই ছিল তাঁর সাধনা। তিনি তার কাজ অসম্পূর্ণ রেখেই চলে গেলেন। বিপুল পৃথিবীতে নিরবধি কালে হয়তো আর একজন এসে শ্রী অরবিন্দের অসমাপ্ত কাজ সম্পন্ন করবেন। ক্রমবিকাশের ধারায় একদিন মানব যে দেবমানব হয়ে উঠবে, তখন পৃথিবীতে যে মৈত্রী প্রতিষ্ঠিত হবে, সকল দ্বন্দ্ব বিরোধের যে অবসান হবে, এ আশ্বাসের বাণীই শ্রী অরবিন্দ বিশ্ববাসীকে শুনিয়ে গেছেন। সেই জন্যই তিনি শ্রী অরবিন্দ থেকে ঋষি অরবিন্দ রূপে আবির্ভূত হয়েছিলেন।

> The greatest glory in living lies not in never falling, but in rising every time we fall.
>
> -Nelson Mandela

# মনুষ্যত্বের ধর্ম

মনিমালা পাত্র

(২০২১-২০২৩)

তা হলে সব বুঝতে পেরেছিস তো ? কখন কোন্ কাজটা আগে করতে হবে, আর কোন্ কাজগুলো বিকেলের পর। রাতে ঐ গেস্ট হাউসের কোণার দিকের ঘরটা তোর ওখানেই থাকবি। রাতে দুটোর বেশি রুটি চাইবি না, আর কোনো জিনিসে হাত দিবি না। কিছু যদি হারায়! আর কেউ যদি হুট করে বাড়িতে আসতে চায় আসতে দিবি না। মাসের শেষে টাকাটা তোর মায়ের হাতে পাঠিয়ে দেব, বুঝেছিস। এখন যা রান্নাঘরের বাসনগুলো তাড়াতাড়ি মেজে ফেল।

[এ কথাগুলো এক নিশ্বাসে বলে রমা সোনাইকে নিয়ে পড়াতে বসে গেল। আসলে হয়েছে কি আমি শ্রী নবীন সেন, আমার স্ত্রী শ্রীমতী রমা সেন আর একমাত্র সন্তান সোনাই। এই সদ্য ক্লাস থ্রিতে উঠেছে, তো ওর পড়াশোনা নিয়ে রমা মানে আমার স্ত্রী এতই ব্যস্ত যে উনি বাড়ীর কাজ ও ছেলের পড়াশোনা নিয়ে সামলে উঠতে পারছে না। অগত্যা আমার দায়িত্ব একটি কাজের লোককে জোগাড় করা।

লোক তো এখন খুব একটা পাওয়া যায় না আর যাদের পাওয়া যায় বিশ্বাস করা যায় না, এসব নিয়ে আলোচনা করতে গিয়ে রামুদা-ই এই ছেলেটির কথা বলল, বাপমরা ৬–৭ বছর বয়সের একটি ছেলেকে কিছু কাজের ব্যবস্থা করে দেবার জন্য তাই ওকে আমি আমার বাড়ির কাজের জন্য আনলাম রমার হাতে হাতে কিছু কাজ করার জন্য।

আসলে এত ছোট ছেলেকে আনতাম না। ছেলেটাকে দেখার পর ওর মায়াবি চোখটাতে আটকে পড়লাম, তাই অত শত না ভেবে নিয়ে এলাম।]

একদিন সকালে —

সফু! সফু! কোথায় তুই ? বাজারগুলো করতে হবে না ? সোনাই–এর আজ পরীক্ষা আছে তো নাকি, ইত্যাদি বলে বলে — রমা বাড়ীটাকে মাথায় করে তুলল।

[আমি ঘুম থেকে উঠে চোখ রগড়াতে রগড়াতে বললাম]

নবীন — কী হয়েছে কী ? এত চিৎকার করছ কেন ?

রমা বলল — কেন তুমি জানো না ? যা হয়েছে সব তোমার জন্য ? আরও দেখাও আদিখ্যেতা!

[এই হল আজব সমস্যা বাড়ীর কোন সমস্যা হলেই তা নির্দোষ অসহায় স্বামীর ওপর দোষ চাপিয়ে বাড়ীর স্ত্রীরা কী যে শান্তি পায় আজও বুঝলাম না বাপু।]

তবুও বললাম —

আরে এই তো ঘুম থেকে উঠলাম আমি। আর এখন তো সবে 5.30 a.m. তো এমনই আবার কী করল সফু।

রমা বলল — কেন, তুমি জানো না, সোনাই-এর আজ পরীক্ষা, সফু বাজার করে আনলেই তো রান্না হবে।

আমি বললাম — তা এত সকালে কেন ?

রমা বলল — ওমা তবে কি আরও বেলা করে আসবে নাকি ? যাতে আমার সোনাইকে দেখতে পায়।

[আসলে হয়েছে কি সফু বাড়ির সব কাজ করলেও রমা ওকে ঠাকুর ঘরে ও সোনাই–এর ধারে কাছে ঘেষতে

দেয় না। আজ প্রায় ৭ বছর হতে চলল সফু এ বাড়িতে কাজ করছে তবু সোনাই - এর কাছাকাছি থাকে না।]

[বাড়িতে আসার প্রথম প্রথম কয়েকবার সোনাই-এর সাথে খেলতে দিত রমা। যেদিন দেখল সফু আর সোনাই একটা আপেল দু'জনে খাচ্ছে সেই দিন থেকেই আলাদা।] [আপনাদের চুপি চুপি বলে রাখি — যদিও আমি ওদের মাঝে মাঝে রমা বাড়িতে না থাকলে খেলতে দিতাম তা শুধু আমাদের তিনজনের মধ্যেই সীমাবদ্ধ।]

আমি বললাম — এইটুকু বাচ্চা অত সকালে কী ঘুম ভাঙে। আমিই ডেকে দিচ্ছি দাঁড়াও, বলে চলে গেলাম।

[সারাদিনে তো ওকে দিকে কম কাজ করায় না রমা, সেকথা বললে, আরেক ঝামেলা বাড়বে, থাক!]

[এইভাবেই চলছিল বেশ একদিন এক আশ্চর্য দুর্ঘটনা ঘটল। দুর্ঘটনা নাকি অন্য কিছু বলব বুঝে উঠতে পারছি না। যে দুর্ঘটনা নতুন কিছু ভালো ঘটায় তাকে কি দুর্ঘটনা বলা চলে ? সে যাই হোক ঘটনাটি হল—

একদিন বিকালে unknown নম্বরে কল এল, খবরটা পেয়েই সবাই ছুটলাম হসপিটালে। গিয়ে দেখলাম সোনাই বেডের উপর শুয়ে আছে। রক্তে ভেসে যাচ্ছে বিছানাটা।

সোনাইকে ওই অবস্থায় দেখে মাথা ঠিক রাখতে পারলাম না, ওদিকে রমা অঝোরে কেঁদে যাচ্ছে... যে সহৃদয়বান ভদ্রলোকগুলি সোনাইকে হসপিটালে ভর্ত্তি করেছেন, তারাই বললেন — রাস্তায় একটা ছোট্টো মেয়েকে বাঁচাতে গিয়েই ওর এই অবস্থা।

বলার সাথে সাথে দেখলাম যার মেয়ে সেই বোরখা পরা ভদ্রমহিলাটিও এসেছেন। এককোণে ভয়ে জড়োসড়ো হয়ে দাঁড়িয়ে আছেন।

তাঁকে দেখামাত্র রমা তার উপর আক্রোশে ঝাঁপিয়ে পড়ল। আমরা সবাই মিলে তাকে শান্ত করলাম। মাথা গরম করার সময় এটা নয়।

অনেকটা ব্লাড বেরিয়ে গেছে সোনাই-এর সিরিয়াস অবস্থা, এখনই রক্ত দিতে হবে। আমাদের কারোর গ্রুপ মিলছে না।

হঠাৎ নজর পড়ল সফু এককোণে দাঁড়িয়ে আছে। ২১ বছরের ছেলেটা আজও রমার ভয়ে আড়ষ্ট। অতশত না ভেবে রমাকে কিছু না জানিয়েই সফুকে একবার জিজ্ঞেস করতেই ও রাজি হয়ে গেল।

সোনাইকে সুস্থ করে বাড়ি আনার পর রমাকে সব জানাতেই, ওতো রেগে আগুন হয়ে উঠল।

রমাকে বোঝালাম — যে ধর্ম বিভেদ সৃষ্টি করে তার প্রয়োজন কোথায়, আর যে ধর্ম প্রাণ দেয় তার অস্তিত্ব কোথায় ? মনুষ্যত্বের ধর্মই তো সবার আগে।

রমা শুনলা না গজ গজ করতে করতে চলে গেল।

পরের দিন সকালে ব্রেকফাস্টের টেবিলে গিয়ে একটু অবাক হলাম — সাধারণত আমরা তিনজন একসাথে খাই। আজ দেখি চারটে প্লেট। একটু আশ্চর্য হয়ে তাকিয়ে আছি, হঠাৎ দেখি ঘরের এককোণে সফু আগের মতো গুটিসুটি হয়ে দাঁড়িয়ে আছে।

ওদিক থেকে রমা বলে উঠল — ওখানে দাঁড়িয়ে আছিস কেন ? খেতে বস। আমার আরও কাজ আছে।

আমার মনে এক আলাদা প্রশান্তিতে নিজের অজান্তেই চোখে জল এসে গেল।

যাই হোক মনুষ্যত্বতার ধর্মের কাছে কোনো ধর্মই স্থান পায় না আজ আরও একবার প্রমাণিত হল। আমিও একটু আগ বাড়িয়ে বলে উঠলাম— আজ থেকে সোনাই-এর সব দায়িত্ব তোর, বুঝলি!

# বৈদিকোত্তরযুগে দেব-দেবীর রূপভাবনাঃ ক্রমবিকাশ ও দর্শন

সৌভিক মণ্ডল
(২০২২-২০২৪)

আবহমান কাল ধরে চিরধ্বনিত হয়ে চলেছে সংসার পরিবর্তনশীল। কালচক্রের এই অক্লান্ত গতি আজ মানুষকে একবিংশ শতাব্দীর সন্ধিক্ষণে দন্ডায়মান করেছে। সে হয়ে উঠেছে যুক্তিবাদী। তাই আজ অনেকের মনেই প্রশ্ন জাগে দেব দেবীদের অবয়বের উৎপত্তিস্থল নিয়ে। এরা কি ভয় বা ভ্রম হতে কল্পনা প্রসূত। নাকি, এই রূপ ধারণার পিছনে আছে কোন বৃহত্তর দর্শন। বৈদিক যুগে মূর্তি পূজার প্রচলন ছিল না। তদুপরি ঋষিরা ছিলেন একেশ্বরবাদী। ঋগ্বেদের ১০ম মন্ডলে আছে '' একম্ সদ্বিপ্রা বহুধা বদন্তি''। যদিও পরে আমরা দেখতে পাই পৃথিবীলোক, অন্তরীক্ষলোক এবং স্বর্গলোকের তিন প্রধান দেবতা অগ্নি, বায়ু বা মাত্বরিশ্বাঃ ও সূর্যের প্রকাশ ঘটেছে। যার থেকে পরে বহু দেবতার বিকাশ। সর্বসমেত ৩৩ জন দেবতার ঋগ্বেদের প্রাথমিক পর্যায়ে উল্লেখ পাওয়া যায়। যা ৩য় ও ১০ম মণ্ডলের শেষ পর্যায়ে গিয়ে দাঁড়িয়েছে ৩৩৩৯ জনে। যদিও নিরুক্তকার যাস্কের মতানুযায়ী "বহুনি নামধেয়ানি"। এক একজন দেব-দেবী বিভিন্ন শক্তি ও গুণের অধিকারী। সুতরাং বহু নামের গ্রহণে তাঁদের ব্যক্তিত্বের ও মহিমার ক্ষতি হয় না। তবুও বোঝা যায় পৌরাণিক ৩৩ কোটি দেব-দেবীর নামের সূত্রপাত এখান থেকেই। আগেই বলেছি বৈদিক যুগে মূর্তিপূজার রীতি ছিল না। শ্বেতাশ্বতর উপনিষদে সুস্পষ্ট করা হয়েছে দেবতাদের কোন অবয়ব নেই "ন তস্য প্রতিমা অস্তি যস্য ন মহদযশঃ"। হঠাৎ করে দেবতার অবয়ব সৃষ্ট হয়নি। বৈদিক যুগে বৃক্ষ পূজার চল ছিল। যেমন বিল্বফল সূর্যের প্রতীক "বিল্বং জ্যোতিরিতি আচক্ষতে"। বিল্ববৃক্ষের আর এক নাম ছিল 'জ্যোতির্বৃক্ষ'। বৃক্ষ ও যজ্ঞে ব্যবহৃত স্তুপ ও যূপ ছিল মূর্তি ভাবনার প্রথম পদক্ষেপ। পাণিনির সূত্র " জীবিকার্থে চাপণ্যে" সিদ্ধ করে। আর্যাবর্তের অধিবাসীগণের কাছে মূর্তির ধারণা স্পেষ্ট হয়ে গিয়েছিল খ্রীষ্টজন্মের বহুপূর্বে। অনেক ঐতিহাসিকের মতে মূর্তি পূজার প্রচলিত রীতি পূর্ণতা পেয়েছিল কুষাণ যুগে এবং এর মধ্যে রোমক প্রভাব পরিলক্ষণীয়। রোমক সমাজ যেমন তাদের সিজার নামে অভিহিত সম্রাটদের মূর্তির পূজা করত তেমনি কুযাণরাও তাদের রাজাদের অবয়বে দেবত্ব আরোপ করতে সক্ষম হয়েছিল। বৈদিক ঋষিরা নির্গুণ ব্রহ্মের সাধনা করতেন। তাঁরা ছিলেন অদ্বৈতবাদী। অদ্বৈতবাদ বস্তুধারণা কেন্দ্রিক ছিল না। তাই এই ধারণা সর্বসাধারণের জন্য ছিল কষ্টসাধ্য। কিন্তু মূর্তির ধারণা করা অনেক সহজ। এইভাবেই ধীরে ধীরে দেব মূর্তির বিকাশ ঘটল। দেব প্রতিমার ক্রমবিকাশ অনুধ্যান করলে আবার আমরা খুঁজে পাই গভীর চিন্তন ও দর্শন। যেমন কারও মতে দেবতাদের হস্ত বা ভুজার কল্পনা এসেছে দিক সংখ্যার থেকে। ব্রাহ্মণ সাহিত্যে দিকের বিভিন্ন পরিসংখ্যান পাওয়া যায়। যেমন, শতপথ ব্রাহ্মণে আছে ''পঞ্চবৈ দিশঃ'' ৬।৪।৬৪। "সপ্তবৈ দিশঃ'' ৬।৪।২।৮। "নব দিশঃ" ৬।৩।১।২২। ''দশঃদিশঃ'' ৬।৩।১।২১। প্রভৃতি। আবার অনেকের অভিমত ঋতু অয়ন সূর্য কিরণ অগ্নিশিখা এবং যজ্ঞবেদীর বিভিন্ন আকার থেকে দেবদেবীদের হাতের

ধারণা এসেছে। দিকের সংখ্যা নির্দিষ্ট করে আমরা যেমন বিশাল ও অনন্ত আকাশের সীমা নির্দেশ করি, তেমনই দেবদেবীদের হস্ত পরিসংখ্যানও তাঁদের সর্বব্যাপিত্বের প্রতীক। পুরাণে আমরা দেখতে পাই ক্ষীরোদসাগরে শায়িত নারায়ণকে। বৈদিক যুগে আকাশ, বরুণ বা ক্ষীরোদসাগর রূপে কল্পিত ছিল কারণ সাগর ও আকাশ উভয়ই নীল। সূর্য প্রাতকালে ক্ষীরোদসাগরে উঠে স্নান করেন এবং আবার ক্ষীরোদসাগরের গর্ভে ডুবে যান। এটাই ছিল প্রাচীন ধারণা। এই ক্ষীরোদশায়ী সূর্য থেকেই নারায়ণের রূপরেখার উদ্ভব। 'নার' অর্থে জল এবং জলে যিনি শয়ন করেন তিনিই নারায়ণ। পৌরাণিক সাহিত্যে বামনরূপী বিষ্ণুর বলিরাজের কাছে ত্রিপাদভূমি গ্রহণ করাও একটি রূপক মাত্র। বিষ্ণু নামে অভিহিত সূর্য বা আদিত্য পূর্বাকাশ, প্রাতঃকালীন, মধ্যাকাশ, মধ্যাহ্নকালীন, পশ্চিমাকাশ, সাংয়কালীন-এ পরিভ্রমণ বা সংক্রমণ করেন সেই অর্থে বিশ্ব চরাচর পরিব্যাপত্ব " ব্যাপকত্বাৎ বিষ্ণুঃ"। বিষ্ণুই পরে নারায়ণ কৃষ্ণ বাসুদেব হয়েছেন। ঋগ্বৈদিক যুগে সূর্য ও অগ্নির মধ্যে একটি সুগভীর সম্পর্ক ছিল। অগ্নি সূর্যরই অভিন্ন রূপ। আদিত্য আকাশস্থ সূর্য ও অগ্নি পৃথিবীস্থ সূর্য। বৈদিক যুগে যজ্ঞাগ্নিকে দেবী বুদ্ধি করে পূজা করা হত। তাই পুরাণে দেবীদুর্গা অগ্নিবর্ণা। দেবীকালী বৈদিক সাহিত্যে অগ্নির সপ্তজিহ্বার একটির নাম কালী। যজ্ঞবেদীর নাম ছিল 'দক্ষতনা' " ওঁ বিষা চক্রে বরেণ্য ভূতানাং গর্ভমাদধে দক্ষস্য পিতরম্ তনা" ঋগ্বেদ ৩।৭।৯ । এর থেকেই পরে দেবীদুর্গার অপরনাম হয়েছে দক্ষতনয়া এবং যজ্ঞবেদীস্থিত অগ্নিকে পরিবৃত করে থাকার দৃশ্য থেকেই ধারণা এসেছে দুর্গার পতি মহাদেব। মহাদেব শিবের মূর্তিরূপায়ণের উৎস ও ব্যাখ্যা হতে পারে বহুমুখী। বেদে উল্লেখ আছে। "ত্বমগ্নে রুদ্রো অসুরোমহো দিবঃ।" তৈত্তিরীয় ব্রাঃ ৩।১১।২।১। রুদ্র ও অগ্নি অভিন্ন। আগে বলা হয়েছে পৃথিবীস্থ সূর্য হলেন অগ্নি। অগ্নি এবং সূর্য দুজনই কল্যাণকারী। আর শিব এক অর্থে শুভ। 'ভবতু শিবায় ভবতু শুভায়'। অমরকোষ মতে, লীনং গময়তি তত্র ইতি লিঙ্গ। যাঁতে বিশ্ব চরাচর লয়প্রাপ্ত হয় তাই লিঙ্গ। আবার হিরণ্যগর্ভ সূক্তম অনুযায়ী, একটি হিরণ্য বর্ণের ডিম্ব ব্রহ্মাণ্ড সৃষ্টির উৎস। পুরাণে নর্মদানদী গর্ভস্থত ডিম্বাকৃতি বাণলিঙ্গের উল্লেখ পাওয়া যায়। শিব লিঙ্গের আকৃতি হতে পারে হিরণ্য ডিম্বের উত্তরকালীন বিকাশ। শিব পূজায় অভিষেক বা বিল্বদল দানের রীতির সঙ্গে যজ্ঞাগ্নিতে হবি প্রদানের সাদৃশ খুঁজে পাওয়া যায়।

বৈদিক বা বৈদিকোত্তর যুগে কল্যাণময় ও জ্যোতির প্রতীক অগ্নি সূর্য হয়ে উঠেছিল সকলবস্তুর ধারণা ও কারণ। ঔপনিষদিক যুগে যখন বৈদিক সভ্যতার চিন্তন দর্শন ও বৌদ্ধিক বিকাশ পৌঁছেছিল তার চূড়ান্ত পর্যায়ে জাগতিক সূর্যের জ্যোতির প্রকাশ ঋষিদের দ্বারা দৃষ্ট হয়েছিল। অখন্ড মহাচৈতন্যের সত্ত্বার মধ্যে "সূর্য আত্মজগতস্তস্থুষশ্চ" যিনি বিশ্ব চরাচরে সকল বস্তুর আত্মা ও স্বপ্রকাশরূপে সকলকে প্রকাশ করেন, তিনিই সূর্য এবং দৃপ্তকণ্ঠে ব্যক্ত করতে পেরেছিলেন "অহম ব্রহ্মাস্মি" ও সর্বসাধারণের ধারণার সুবিধার্থে সৃষ্টি করেছিলেন প্রতিমার।

অহংকারের মত শত্রু নেই - চাণক্য

# বিবেকানন্দের চোখে ভারত

## শেখ সেরাফত আলি

(২০২১-২০২৩)

সদ্য স্কুলে জয়েন করেছি। গতকাল জয়শ্রী ম্যাম ফোন করেছিলেন কলেজের বার্ষিক পত্রিকাতে কিছু লেখা দেওয়ার জন্য। কিছু পজিটিভ লেখা!

তা বেশ! সকালের খবরের পাতাটা উল্টোতেই দেখি প্রতি পাতায় হয় খুন, ডাকাতি, রাহাজানি, ধর্ষণ নয়তো বা রাজনৈতিক নেতারূপী চোরগুলোর ঘুষখোরীর লুণ্ঠন। সেইখান থেকে পজিটিভ বলতে আমি শুধু ক্যাটায়নকেই বুঝি বাপু। এই নিয়ে কী আর লেখালেখি হয়!

কী আর করি, লিখবো যখন ভেবেইছি, কাগজ ও কলমটা নিয়ে বসে পড়ি। দেখি কী কী লিখতে পারি।

এমন সময় দেখি মোবাইলটা বেজে উঠল। এ হল এক উটকো ঝামেলা। দেখছি শান্তিতে কিছু লেখাও যাবে না বাপু! ঠিক যেন আগুনের ফুলকির মতো, এই মোবাইলই আমাদের জীবনের প্রয়োজনীয় ক্ষতিকারক সহযোগী। দেখি ফোন করেছেন, আমারই স্কুল চিড়িমারসাই বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রুমা ম্যাম। ম্যাম বললেন, "আমাদের স্কুলের ক্লাস সেভেনের একটি মেধাবী দরিদ্র ছেলের ভূগোল বিষয় পড়ানোর দায়িত্ব নিতে হবে।" পড়াতে বরাবরই আমার ভালো লাগে। তাই এক কথাতেই রাজি হলাম। ম্যাম বললেন, "একটু পরেই ঐ ছাত্রের মা ছাত্রকে নিয়ে আমার বাড়ি আসবেন।

বেশ, একটু পরেই দেখি বাড়ির কলিং বেলটা বেজে উঠল। দরজা খুলতেই দেখি এক ভদ্রমহিলা এক কিশোরকে নিয়ে এসেছেন। কিশোরের মুখটা দেখে চেনা মনে হল। মনে হলো ক্লাসে কয়েকবার দেখেছি। ভদ্র মহিলার উপস্থিতিতে যথেষ্টই দরিদ্রতার ছাপ স্পষ্ট। দেরি না করে আমি ছেলেটাকে জিজ্ঞাসা করলাম, "তোর নাম কীরে বাবু?"

উত্তরে শুনি, "স্যার আমি বীরসা আলি পাত্র।"

আমি অবাক হয়ে তাকিয়ে রইলাম। ছেলের মুখে দেখি আদিবাসী ছাপ সুস্পষ্ট। আবার পদবিটা কেমন যেন ... সব ঘেঁটে গেল আমার। কিছু না বুঝতে পেরে জিজ্ঞাসা করলাম, "কোথায় থাকিস বাবু?"

ছেলেটা বলল, "ঐ তো স্যার, পালবাড়ি।"

"আচ্ছা বুঝলাম। এইবারের রেজাল্ট কেমন হয়েছে? দেখি মার্কসিট এনেছিস?" ছেলেটা মাথা নীচু করে ব্যাগ থেকে রেজাল্ট বের করে আমার হাতে দিয়ে বললো, "স্যার, ভূগোলে বেশ কম হয়েছে।"

রেজাল্ট নিয়ে দেখলাম। মোটামুটি বেশ ভালোই রেজাল্ট করেছে। গড়ে প্রায় ৭৭% নম্বর পেয়েছে। শুধুমাত্র ভূগোলেই ৭০%-এর কম। এইবার আমি মার্কসীট ফেরত দিয়ে বললাম, "আচ্ছা! রেজাল্ট আর একটু ভালো করতে হবে এবং ভূগোল বিষয়ের উপর একটু বেশি খাটতে হবে। বইপত্র ঠিকঠাক আছে তো? না লাগবে?"

ছেলেটা বলল, "স্যার বাবাকে বলেছি। জোগাড় করে দিবে বলেছে!"

আমি বললাম, "আচ্ছা! তা বাবা কী করেন? বাবার নাম কী?"

বীরসা, "বাবা ঐ তো পাশের জমিনে কাজ করে। বাবার নাম শারাফ আলি।"

এবার আমি সত্যিই অবাক হলাম, কারণ আমার সামনে যে ভদ্রমহিলাটি বসে আছেন, তাঁর হাতে শাঁখা-পলা,

কপালে সিঁদুর দেখতে পাচ্ছি।

ভদ্রমহিলা বোধহয় আমার মনের অবস্থায় বুঝতে পেরেছেন। তিনি বললেন, "আসলে আমাদের পরিচয়টা দিয়ে রাখা দরকার। আমি মণিকা পাত্র। ভালোবেসে বাড়ির অমতে ওর বাবার হাত ধরে নিজেদের ঘর বেঁধে ছিলাম। আর ওর বাবা বলেছিলো, আসল ধর্ম তো মানুষের অন্তরের মনুষ্যত্বে থাকে। আমি মুসলিম ধর্ম গ্রহণ করতে চাইলেও তাই ওর বাবা আমাকে বারণ করে। ফলে বুঝতেই পারছেন, ওর বাড়ি থেকেও মেনে নেয়নি আমাদের। তাই আমরা বাড়ি ছেড়ে পাল বাড়িতে এসে নিজেদের ছোটো কুঁড়ে বেঁধেছি।

এই সময় দেখি বীরসা তার বুদ্ধিমত্তার পরিচয় দিলো। আমাদের কথার মধ্যে না থেকে আমাদের বাড়ির ছোটো কুকুর ছানাটার সাথে খেলার জন্য পাশের ড্রয়িং রুমে গেল।

ভদ্রমহিলা আবারও বলা শুরু করল, "আমাদের বিয়ের পরও নিজেদের ধর্ম মানবতায় বিশ্বাস রেখে প্রায় তিন বছর একসাথে কাটাই। এরপর একদিন রাত্রে পাশের বাড়ি স্বামীহারা গর্ভবতী মহিলাটি যন্ত্রণায় কাতরাচ্ছে দেখে, আমরা হাসপাতালে নিয়ে যাই তাকে। বীরসা তাদেরই সন্তান। ওর জন্মের কয়েক ঘন্টা পরেই ওর মা মারা যায়। মরার আগেই তার থেকে সন্তানের নাম জানতে চাইলে বলেন বীরসা। আমরা সেটাই করেছি। সাথে শুধু নিজেদের পদবিটা জুড়েছি। এরপর প্রায় ১৫ টা বছর কেটে গেছে। আমরা কোনো দিনই নিজেদের কোনো সন্তান নিইনি। পাছে বীরসার ভালোবাসায় ভাগ বসে। জানেন স্যার, ওই আমাদের চোখের মনি।"

ভদ্রমহিলা যখন কথা বলা থামালেন, আমি তাঁর চোখে এক অদ্ভুদ পরিতৃপ্তি দেখতে পেলাম। আমি অবাক হয়েই তাকিয়ে রইলাম। বিস্ময়ের ঘোর কাটিয়ে প্রশ্ন করলাম, "ছেলের সব দায়িত্বই কী ওর বাবা নেন ?"

ভদ্রমহিলা আমার প্রশ্নের উত্তরে বললেন, "দায়িত্ব নেয় মানে! মাথায় করে রাখে। রোজ কাজ শেষে মাঠ থেকে সন্ধ্যায় বাড়ি গিয়ে 'নামাজ' শেষে ছেলেকে কাছে নিয়ে পড়তে বসায়। পড়া অত বোঝে না তাও শোনেন। ছেলে সোহাগী বাবা, পড়ায় একটু খামতি দেখলেই পিঠে এক-দু থাপ্পড়ও বসিয়ে দেন।"

আমি আবারও প্রশ্ন করে ফেললাম, "ছেলে নামাজ পড়ে না পূজা করে ?" প্রশ্ন করেই বুঝতে পারছিলাম আমি একটা অত্যন্ত নিম্নরুচির মানুষের ন্যায় বারবার ধর্ম ধর্ম করছি। কিন্তু অদম্য কৌতুহল আমাকে বারবার প্রশ্ন করতে বাধ্য করছিল।

উত্তরে তিনি বললেন, "কী আবার! ছেলে বাবার দেখাদেখি নামাজ–এ বসতে চায়, আবার আমাকে পূজার সময় দেখে ধূপকাঠি নিয়ে ঠাকুরকে প্রণাম করে। নামাজে বসলে ওর বাবা ওকে বারণ করে, বলেন, তুইতো তোর আসল মা-বাবার পরিচয় সবই জানিস। তাই এখন থেকে আল্লা-শিবের জালে নিজেকে জড়াসনা বাবা। সবচেয়ে বড় ঈশ্বর তো তোর স্কুলেই আছেন। জীবন্ত ঈশ্বর, তোর শিক্ষক মহাশয়েরা। এখন ওনাদেরই পূজা কর। বড়ো হয়ে যদি ইচ্ছা হয়, তোর যাকে ইচ্ছা তাঁরই উপাসনা করিস।"

তিনি এবার হাত জোড় করে বললেন, "স্যার আপনারাই আমাদের ভরসা! বীরসা আমাদের সবকিছু। ওর দিকে তাকিয়ে দিন কাটাই আমরা। ওকে মেরে, বকে, পড়া বুঝিয়ে আপনাদের মতো বড়ো মানুষ করবেন।" এরপর কথা শেষ করে আমাদের কুকুরটাকে আদর করে ছেলের হাত ধরে পড়ার দিনক্ষণ ঠিক করে উনি চলে গেলেন।

আমি কিছুক্ষণ স্তম্ভিত হয়ে খাতার দিকেই তাকিয়ে রইলাম। আমরা নাকি ভরসা! আমরা যারা ধর্মের কীট, ঠাকুর বলতে মন্দির, আল্লাহ বললে মসজিদ আর ঈশ্বর বললেই গীর্জা বুঝি, ধর্ম দিয়ে মানুষকে ভাগাভাগ করি, তারা

কী আদৌ ভরসা হতে পারে নাকি বড় মানুষ হতে পারি, যে ঐ নিষ্পাপ নিখাদ শিশুটাকে আমাদের মতো করে বড় করবো!

আসলে এদের দেখে আমিই ভরসা পেলাম। একটা বিরাট বড় মানসিক ভরসা। দেখে বুঝলাম মানুষ জাতটায় এখনও সম্পূর্ণ ঘুণ ধরেনি। মানবতা আজও বর্তমান। হিন্দু মা ও মুসলিম বাবার কুঁড়ে একান্ত আদরে মানুষ (মনুষ্যত্ব যুক্ত) তৈরী হচ্ছে ভারতবর্ষের আদিপুত্রের বংশজ সন্তান। আসলে আমরা এইরকম মানুষদের দেখেই মানুষ হতে শিখবো। মানুষ কখনোই আমাদের মতো পুঁথি জ্ঞানে বড় হতে পারে না, বড় হয় মানবিকতায়। চারিদিকে যখন ধর্ম নিয়ে লড়াই, মারামারি, কাটাকাটি সেখানে তো এইরকমই শারাফ আলির মতো মানুষ ও তার বীরসার মতো সুযোগ্য সন্তান চাই। আর তাই ঠিক, এইরকম মানুষেরা আছে বলেই আজও আমরা স্কুলে গিয়ে বিদ্যাসাগর বিবেকানন্দের মূর্তির চোখে চোখ রেখে বলতে পারি—“এটাই আপনাদের ভারতবর্ষ!”

## ক্ষনিকের আপন

**সুতনু দাস**
(২০২২-২০২৪)

আজ একুশের দশকে দাঁড়িয়ে আমরা প্রি-মডার্ন। আমরা আমাদের ছোটবেলাকার অতীতকে ভূলছি গতিশীলতার দরুন। বর্তমান গুগল, ইন্টারনেটের যুগে ধ্বংশের পথে পাশের শিটে বসে থাকা ব্যাক্তির সঙ্গে মুখোমুখি আলাপচারিতা। আমরা কতোই না সহজে এড়িয়ে যাওয়ার চেষ্টা করি বিমূঢ় পরিস্থিতিগুলি ফোনের দ্বারা। আসলে যতোই দিন এগোচ্ছে ততই দিন দিন আমাদের সামনে বেরিয়ে আসছে দধীচির হাড়। কম্পিউটারের যুগে আমরা এতটাই ব্যাস্ত যে ভালো করে চিনতে পারি না আমাদের প্রতিবেশীকে, অথচ মানুষ সমাজবদ্ধ জীব। পা পিছলে কেউ রাস্তায় পড়ে গেলে আমরা তাকে সাহায্য করার চেয়ে মজা পাই বেশি। অথচ মানুষ প্রগতিশীলতার শীর্ষে। আজকের যুবসমাজ মারাত্মকভাবে আটকে পড়েছে অনলাইন গেমসগুলোর মধ্যে। আসলে গাছের কান্ড যদি সোজা না হয় তবে পাতার বা কী দোষ? সবকিছুকে দারুন ভাবে উৎসাহিত করে চলেছে অনলাইন শিক্ষা ব্যবস্থা। পাশের হারে এগিয়ে বাংলা সঙ্গে দ্রব্য মূল্য বৃদ্ধিতেও। এমনকি প্রতিঘন্টায় অশালীন ছবি দেখাতেও ভারতের গ্রাফ উর্ধ্বমুখি বাংলাদেশকে টপকাতে বেশি বাকি নেই। আলাউদ্দিন খিলজির আমলে প্রচলিত হওয়া গরিব, দুসথ, অসহায় শ্রেনীর মানুষদের প্রদান করা “রেশন ব্যবস্থা”র চাহিদা আজ আরোও বাড়ছে, এমনকি রেশনের জন্য ভুয়ো কাগজপত্র তৈরির রেকর্ডও আছে। অথচ তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশগুলোর মধ্যে ভারতের অবস্থান প্রথম সারির প্রথম দিকেই।

দুর্নীতি, চরম উৎশৃঙ্খলতা, ভুয়ো ও অকার্যকর আইন, রাজনীতির চরম হিংসায় জ্বলে ঝলসে গেছে সমাজব্যবস্থা। জমির জন্য ভায়ে ভায়ে দ্বন্দ্ব, পেনশনের টাকা না দেওয়ায় গলা টিপে বাবাকে হত্যা, তীর্থস্থানে মাকে ছেড়ে আসা, বৃদ্ধাশ্রমে জনসংখ্যার মেলা, দুধের চেয়ে মাদক বেশি বিক্রি হওয়া, ভিখারী, অনাহারী মানুষের পাশে না দাঁড়িয়ে পতিতালয়ে পরিণত সুখলাভ, এগুলোই হলো প্রিমডার্ন এর একটা অন্যতম অনুষঙ্গ। হিংসা, বিদ্বেষ, চক্রান্তের নাগপাশে আসফাস করছে সমাজ ব্যবস্থা। "সবকা সাথ সবকা বিকাশ" আজ ওষ্ঠাগত। বিবাহ বিচ্ছেদের গ্রাফ এতটাই ভারী রামমোহন রায় বেঁচে থাকলে হতাশ হতেন। আমরা শহীদ, বিপ্লবীদের কথা ভুলে যাই কিন্তু স্টেটাস দিই ইংরেজী গায়কের জন্মদিনে। হাসপাতালে রোগীর সেকে অর্থনৈতিক শোষণ, ওপিডির ব্যবস্থা দেখে মনে পড়ে মার্গারেট এর কথা।।

আসলে আমাদের জীবন,সমাজ যখন সমাজের কুঅভ্যাস, কুরুচি দ্বারা তরবারির নানান আঘাতে ছিন্ন বিচ্ছিন্ন তখন আমরা উপেক্ষা করে যাই ছোট ছোট গঠনমূলক বিষয়গুলোকে।এগুলি প্রাচীন কাল থেকেই বিদ্যমান। আসলে পুরো মনুষ্য জগত যখন বিপদের সম্মুখীন হয় তখনই তাকে আমরা বলতে পারি মহাসঙ্কট। আর তখনই এক ধরনের দ্বৈরথের দেখা পাই। এক শ্রেণীর মানুষ নিজের স্বার্থ নিয়ে বাঁচে, আর অপর এক শ্রেণীর মানুষের মধ্যে জাগে সৃষ্টি সুখের উল্লাসের উদ্দীপনা। আসলে কার্লমাক্সের তত্ত্বের বাইরে বেরিয়ে এসে যখন কথা বলবো তখন দেখবো আশ্চর্যজনক একটা বিষয়, সেটা হলো সমাজের অধিকাংশ মানুষই যখন সমান বিপদের সম্মুখীন হয় তখনই জন্ম নেয় সৌভাতৃত্ববোধের। জানিনা মার্গারেট-এর কী নাম দিতেন।

হাসপাতালের কথা যদি বলি দেখবো একটা অদ্ভুত রকমের ভাবপ্রদানের ক্ষেত্র, দেখবো অধিকাংশ অপেক্ষারত রোগীর পরিবারের মানুষজন শুরু করে দেয় তাদের আলাপচারিতার কাজ। কেউ সংকীর্ণ জায়গায় মানিয়ে নিয়ে চলে নির্দ্বিধায়, হাসপাতালের অজানা স্থানের চিহ্নিতকরন, ডাক্তার আসার সময়, প্রভৃতিতে দারুনভাবে একে অপরের প্রতি নিঃসঙ্কোচে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। আবার লাইনে দাঁড়িয়ে থাকা অচেনা সামনের জনকে নিজের লাইনে থাকার উপস্থিতি জানিয়ে নিজের কাজ হাসিল করতে যাওয়া, রিপোর্টের নাম ডাকলে অবগত করতে বলা, এইসব ক্ষেত্রে মানুষের সমাজবদ্ধশীলতার গুরুত্বের ছাপ উদীয়মান। যেমন নাপিতের দাঁড়ি কামানো দেখলে মনে হয় বিশ্বাস আজও অটুট। আমরা আরোও একটু ভালো করে দেখলে বুঝতে পারবো পশাপাশি বেডে শুয়ে থাকা দুই অসুস্থ ব্যক্তির তথা তার পরিবারের সঙ্গে মেলবন্ধন ঘটে কত সহজেই। যখন আমরা বাড়ীতে ফিরে আসি তখন স্মরন করি তাদের কথা। আবার আমরা ফিরে যাই ব্যাস্ত অশান্ত জীবন যাপনে। আসলে এই সম্পর্ক গুলোতে ক্ষনিকের জন্য হলেও দৃঢ় বিশ্বাস জন্মায় সৌভাতৃত্বের জাগৃতি ঘটে ও প্রগতিশীলতার প্রকাশ পায়।

ইতিহাস সাক্ষী আছে মনুষ্য সমাজের বৃহত্তর অংশ যখনই এমন সমস্যায় পড়েছে তখন কোনো দেবদেবী, ঈশ্বর, কিংবা আল্লা সরাসরি এসে উদ্ধার করেনি কিন্তু তিনি করিয়েছেন মানুষকে দিয়েই। যার রুপান্তর সৌভাতৃত্ব, ভালোবাসা, বিশ্বাস, প্রগতিশীলতা, ভরসা প্রভৃতি। রেগুলার সঠিক বাহক ও পালনকারী ছিলেন মেরি টেরিজা যাকে আমরা মাদার টেরিজা নামেই চিনি।বিপদের সময় আশ্চর্যরকম ভাবে মানুষের মধ্যে জন্ম নেয় "আয় মোরা দল বেঁধে থাকি" নীতি, যা আমাদের অলক্ষ্যে অতীত থেকেই প্রবল ভাবে বিদ্যমান ছিল।।

শরৎস্মরণে

# অভাগী এবার অপরাজিতা হোক

সুস্মিতা পরামানিক
(২০২১-২০২৩)

তুমি মানেই সবুজ গ্রাম বাংলার মানুষদের সুখ দুঃখের গল্প। তুমি মানেই সকাল বিকেলের ছাপোষাদের সংসারের অভাবের গল্প। তাদের উঠা বসা কথা বলা ও নিদারুণভাবে আপনকরে নেওয়ার কৌশলের গল্প। কিন্তু আজ তোমায় জিজ্ঞেস করবো কাঙালির মায়ের কথা। কতো যুগতো কেটে গেছে তবু অভাগী স্বর্গ পেলোনা কেনো শরৎবাবু। কাঙালির মা ছেলের অর্থাভাবের আগুন গিলেই নদীর জলে ভেসে গেছে। সেই সাথে ভেসে গেছে তাদের ভাগ্যবতী হয়ে স্বর্গে যাওয়া সাধ। এই সমাজে সব হলো। শুধু অভাগীর ভাগ্যের পরিবর্তন হলোনা বোধ হয়। আজো তাদের বামুন বাড়ির এঁটো বাসন ধুয়ে পরিবারের খাবার জোটাতে হয়। আজো কাঙালিকে শুধু মাত্র মিডডেমিলের খাবার জন্য বইখাতা নিয়ে স্কুলে যেতে হয়। কিচ্ছু বদলায়নি শরৎবাবু। যেনো তোমার কলমে আটকে গেছে অভাগিনীদের ভাগ্যের চাকা। নিজের পোড়া কপাল থেকে কোনোমতেই ভাগ্যের পরিহাসকে মুছতেপারছে না।

নাকি ঘোচাতে দিচ্ছে না এই সমাজ। যে সুন্দর সমাজের ছবি এঁকেছিলে নিজের সৃষ্টিতে। তার উপর বিত্তশালীরা বড়ো বড়ো অট্টালিকা গড়েছে। সমাজে উঁচুতলা তৈরী হয়েছে। যেখানে বামুন গিন্নীর মতো বড়োলোকেরা থাকেন। তাদের মৃত্যুতে হাজার হাজার কাঙালি পাত পেড়ে ভরপেট খেতে পারে কিন্তু তার মায়ের মৃত্যুতে অ্যাম্বুলেনস তো দূরের কথা, টাকা না দিতে পারলে মৃতদেহকে চুল্লীতে তোলা হয়না। কেনো শরৎবাবু, সমাজ পাল্টালো? গ্রাম আধুনিকতার ছোঁয়ায়শহর হলো, অন্ধকার মেটাতে বিদ্যুৎ বাতি এলো। তবু মনের অন্ধকার মিটলো না। তুমি বরং একটা গল্প লেখো শরৎবাবু। একবার কাঙালি রমাকে জিতিয়ে দেওয়ার গল্প। জেলের মেয়েকে বিয়ে দাও কোনো সরকারি চাকুরের সাথে। এবার রসিক বাগ যেনো পাশের গাঁয়ের বাঘিনীর সাথে পালিয়ে না যায়। অভাগীর নাম দাও অপরাজিতা। অভাগীকে একান্নবর্তী পরিবারের মা ঠাকরুন সাজিয়ে দাও। পায়ে আলতা, মাথায় সিঁদুর দিয়ে যেনো সে তার শবযাত্রায় অপরাজিতা সাজতেপারে। একবার জিতিয়ে দাও। সমাজের নিচুতলার মানুষদের। তোমার কলম যেনো অভাগীকে স্বর্ণখচিত রথে চড়িয়ে স্বর্গের দর্শন করায়। এইঅভাগিরা যাতে ছাতি ফুলিয়ে বলতে পারে যেকাজ সমাজ করতে পারেনি, যা মানুষ করতে চেষ্টা করেনি কোনো কালে। তাই এই লেখকের কলম করেছে। সমাজের মান্যতার বেড়া ভেঙে দিয়ে। কলম পেরেছে অভাগীকে মান দিতে। তাই একটা গল্প লেখো শরৎবাবু। অভাগীর অপরাজিতা হওয়ার গল্প।।

## ডি টি টি কলেজ

পায়েল শেঠ

(২০২২-২০২৪)

বিদ্যাসাগর টিচার্স ট্রেনিং
নামটি কলেজের,
বীরপুরুষ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের
নামে পড়ে.
সেই কলেজটি আছে সেথায়
কেরানীটোলার মোড়ে।
লাল-নীল, হলুদ-সাদা
কতো ফুলের মেলা,
সব ফুলেরই মাঝখানেতে
শিক্ষার্থীদের খেলা।
শিক্ষক-শিক্ষিকাদের
যেমনই সুব্যবহার
তেমনই সুস্বাদু
ক্যান্টিনের আহার।
হেথায় আছে
সঙ্গীত কক্ষ ও মাল্টিজিম
সঙ্গে রয়েছে,
স্কলারশিপ সহ নানান স্কিম।।
লাইব্রেরি সহ
একাধিক কক্ষের সমাহার,
সাথে সাথে সবুজের ভিন্ন বাহার।
কলেজে আছে একটি দোকান,
আমরা সেথায় কিনি
নাইবা পেলাম চিনি,
শেষ করলাম লেখা
আবার হবে দেখা।।

## বাড়ি ফেরার ডাক

অঙ্কনা ব্যানার্জী

(২০২১-২০২৩)

সূর্যালোকের প্রথম স্পর্শে, ঘুম জড়ানো চোখে,
শীতের সকালে কুয়াশা মাখে শিশিরের সম্মুখে।
প্রাচীরের গায়ে শৈবালে গাঁথা ছেলেবেলার সুর,
সময়ের স্রোতে আমরাও আজ বাড়ি থেকে বহুদূর।
দেহ যদি নিজেকে হারায় কাজের অজুহাতে;
মন তবে ছুটে যায় টুকরো স্মৃতির পথে।
ছেলেবেলা মিশে আছে চিলেকোঠা জুড়ে—
শীতকাল, পিঠেপুলি, মিঠে রোদ্দুরে।
পিকনিক, হইচই, আচারের মেলা,
অকারণে শালবনে কাটিয়েছি বেলা।
বাস্তবতার তীব্র 'ঘাতে ঝলসে যায় আবেগ!
ঘড়ির কাঁটা জানান দেয় সময়ের গতিবেগ।
সময় কেন মুছে ফেলে ছেলেবেলার স্মৃতি ?
কংক্রিকেটর দেওয়াল আঁকে কীসের পরিণতি ?
প্রগতিশীল সভ্যতা আজ অযথাই নির্বাক;
সবুজ ঘাসে নিমজ্জিত বাড়ি ফেরার ডাক।।

## সব যেন চিঠি হতে উৎসারিত

সনাতন নায়েক

(২০২২-২০২৪)

জীবন, তুমি জীবনের স্রোত দেখেছো কি
কোনোদিন,
দেখবে বা কি করে, তুমি তো দগ্ধতায়
প্রতিহত নিরাশার পথিক।
যদি কোনো দিন নির্জনতার পথে হাঁটার
অবকাশ রাখো, তাতে খুব ত্রুটি হবে না তো,
তুমি তো সকাতরেই আত্মিক অনুভূতির
ভাবে ভাবিত;
তুমি কি পারো, একরাশ সৌন্দর্য্যগুলো

অনাবিল আকাশের কোণায় মুক্তি দিতে।
আত্মিক ভাবের ভাবধারায় ভাবিত হওয়ার জনাই
কি 'জীবন' শব্দটির সৃষ্টি,
জীবন, জীবনের কাছে সৌন্দর্যের একটা সাময়িক
নৈকট্যের অনুভব, খানিকটা যেন থমকে
যাওয়ার মতো।
সৃষ্টিগুলো তখনই কথা বলবে, যখনই
আত্মিক ভাবের অনুসঙ্গতা, আঁচ করবার অভিপ্রায়
জাগবে কেবল মননে!

## অক্লান্ত প্রেমিক

### সোমনাথ বেরা

(২০২২-২০২৪)

সব নিয়মেরা ডুব দিয়েছে
দিনলিপিতে কিভাবে জুড়ে গেলে তুমি,
দেখা হয় রোজ, কথা কিছু হয়
তবুও দেখো দূরত্ব বহুদূর।
কিভাবে মালার মত গেঁথে গেল একেক করে
তুমি, তোমার হাসি, সুর, কন্ঠ, তোমার চুলের গন্ধ।

হেমন্ত বিকেল সুরভিত ফুল
ঘাস ফড়িংয়ের গল্প পাখিদের গান
সব গেছে মিশে তোমাতে একসাথে,
সৌন্দর্যের কাব্য তুমিতাই
তোমায় ছুঁতে হেঁটে চলা।

হেমন্ত, ফুল সাজিয়েছে বাগান
তারই ডানপাশে সুরকি ঢালা পথে
আমি ক্রমাগত এগিয়ে চলেছি।
যদি আমার চোখ পড়ে বোঝো
এ আমার তো তোমার প্রেমিক হতে এসেছি
তবে বলো তুমি, ভালোবাসি
আমি যে তৃষ্ণার্ত পথিক।

## স্মৃতির পাতায়

### শ্রেয়সী পাত্র

(২০২২-২০২৪)

সময় যে পাল্টে গেছে, পাল্টেছো তুমিও—
তোমার পায়ের দাপটে ঝিমিয়ে পড়া ঘাস,
তোমার অনুপস্থিতিতে নবজীবন ফিরে পেয়েছে।
পুরোনো সবকিছুই তো আজ স্মৃতির পাতায়
ঐ নীল জামার বোতামটা কি আজ আর আছে?
যেটা দেখতে তোমার বুকের কাছে এসেছিলাম।
সেই প্রথম তোমার শরীরের গন্ধ নিয়েছিলাম।
মুখের কথাতেই বড়ো বিশ্বাস তোমার
তার আড়ালের মনের ভাষাটা তুমি জানতে না
সেখানে শুধু একরাশ স্বপ্ন আর ভালোবাসাই নয়
থাকতো গোপন ভয় আর শ্রদ্ধা
আশা রাখছি আবার এসো একদিন দেখতে
সাদা হয়ে এসে কালোর ওপর প্রকট হয়ে ওঠো
তখন হয়তো চাইবে সবটা উজাড় করে দিতে
কিন্তু সময়, সে কঠিন–নিষ্ঠুর—
সবই হয়তো পাবে, রূপকের মোড়কে।।

## কবিতার খোঁজ

### অনুস্মিতা রায়

(২০২২-২০২৪)

গোধূলি বিকেল, কেটে গেল, মেঘ, ঘন হয়ে এল সন্ধ্যে
ম্যাগাজিনে দেব, কবিতার খোঁজ, লাইন খুঁজে আমি হন্যে
আসছে না ভাব, ভাবের অভাব, পেনসিল ফেলি কামড়ে
কবিতার দেবী Muse রাণী গোণ, হতাশ আমি, হায় রে!
খুলে দেখি ফোন, যদি পাই টোন, ঘেঁটে ফেলি সব হাতড়ে
কবিতার খোঁজ পাই না কোথাও, সব ডুবে গেল, আহা রে!
হঠাৎ মনে Loving in Truth বলেছিল স্যার সিডনি
পড়া সেই লাইন ভরে দিল মাথা, মন আর এই কিডনি।
সিডনির কথায়, পাবে ভাব তুমি নিজের মনের কোটরে,

খুঁজতে যেও না এখান-ওখান, সে আছে তোমারই গোচরে
চোখ বুজে তাই ভাবি বসে আমি, কি আছে আমার হৃদয়ে
চকিতে ভাসে VTTC মনে, পাই খুঁজে ভাব সময়ে:
গেটের সামনে বিদ্যার সাগর, আপন করুণায় মহীমান,
ওনারই শিক্ষা, মান, বলে মোরা হয়ে উঠেছি বলীয়ান।
'শিক্ষক', এক আদর্শ পেশা, এর জুড়ি মেলা ভার হে!
তাই বছর দুই খাটবো খুবই, অধ্যয়ন আজ জিতবে।
নতুন পড়া, খেলার মাঝেই করবো একটু গল্প
কথায় কথায় দুষ্টুমিতে বকুনিও খাবো অল্প
স্যার-ম্যাডামের ভালোবাসায় হয়ে উঠি এক শিক্ষক,
মুছে দেব সব মন্দ প্রবাদ, আজ থেকে তাই ঠিক হোক।
হয়ে গেল লেখা, প্রণাম সিডনি, তোমার পথেই চলেছি
মনের পথে, ভাবের খোঁজে, জীবনের লক্ষ্য পেয়েছি।
প্রণাম তোমায় করুণার সাগর, তোমারই নামের জয় হোক,
সঠিক শিক্ষা, সঠিক দীপ্তি, এ নিয়েই পথ চলা হোক;
আমার তো এই ছোট্ট লেখা তোমারই জন্য 'পদক্ষেপ'
শিক্ষার পথে চলে আজ আর নেই মনে কোনো আক্ষেপ।

## ভূগোলের অবদান

**স্বপন সাউ**

(২০২১-২০২৩)

ভূগোল মানে ভূখণ্ড
ভূপ্রকৃতির স্থল,
ভূগোল মানে নদীনালার
গড়িয়ে পড়া জল।

প্রকৃতির সব কিছুরই
ভূগোল দেয় ব্যাখ্যা,
সব দেশের মানচিত্র
ভূগোলেই যায় দেখা।

আকাশ-নদী-নালা
পাহাড় পর্বত ভাই,
এ সবের অস্তিত্ব মোরা
ভূগোলে খুঁজে পাই।

পৃথিবীর আকার আয়তন
ভূ পরিমাপ,
সবই পাবে ভূগোলেতে
নিও না ভাই চাপ।

কোন নদীর উৎস কোথায়
কিবা তার গতি,
সব কিছুই জানতে পারি
ভূগোল পড়ি যদি।

কোন তিথিতে জোয়ার আসে
কোন তিথিতে ভাঁটা,
ভূগোল ছাড়া কেউ পারে না
বলে দিতে এটা।

চন্দ্র-সূর্য গ্রহ-তারা
কোথায় আছে কি,
ভূগোল ছাড়া অস্তিত্ব এদের
কেউতো রাখে নি।

ভূমিকম্পের রহস্যটা কি
কেউতো জানতো না,
ভূগোল সবই বলল খুলে
করল বর্ণনা।

কীভাবে বা করব চাষ
কেমন হবে ফসল
এসব কথা জানতে হলে
পড়া চাই ভূগোল।

ভূগোলের অবদানের
অন্ত যে নাই,
ভূ নিয়ে জানতে
ভূগোল পড়া চাই।।

# তুমি মরীচিকা তুমি অনিশ্চিত

**তাপস দে**
(২০২২-২০২৪)

চারিদিকে তপ্ত বালুর শহর
তাপমাত্রার চোখরাঙানিতে উষ্ণতার পারদ
যেন সাড়ে ছেষট্টি ছুঁই ছুঁই.
দীর্ঘ ক্রোশ অতিক্রম করা পথিক
আজ বড়ই ক্লান্ত. বালুর সমুদ্রে
তৃষ্ণা নিবৃত্তির জন্য এক বিন্দু জলও নেই
একটুখানি স্বস্তির বিশ্রাম নেবে যে. ছায়া সঙ্গী
বৃক্ষের সাক্ষাত তো দূর লতা-গুল্মের দেখা মেলা ভার।
জলবায়ুর শত পরিবর্তনও এই জীর্ণ মরীচিকার বুকে
তার অচল অনড় অকপট রুক্ষতার কোনো
রূপান্তর ঘটাতে পারেনি। তবুও
অমিত্রাক্ষর পথিক কিন্তু তার
পথচলা থেকে নিজেকে বিরত রাখেনি।
মরীচিকাকেই জীবনের পাথেয় করে
জীবন অনুসন্ধানে স্বয়ং অবিচল।

# অনুভূতির বিচ্ছুরণ

**সুকদেব দাস**
(২০২২-২০২৪)

মাটির পরে লুটিয়ে আছে
ছিন্ন বীণার তার।
থেমে গিয়েছে বীণার
সেই মধুর সুরঝঙ্কার।
ধ্বনিত হয় না এখন
আর কোনো তান।
হারিয়ে গিয়েছে জীবনের
সব গান।
কত সুর আর কত গান
পড়ে না আর মনে।
নীরবতা আজ ঠাঁই নিয়েছে
মনের কোণে।

# অনুভূতি

**পায়েল শেঠ**
(২০২২-২০২৪)

হে রাগ. হে ক্ষোভ
তুমি আমাকে
বিচ্ছেদ করো
আমি তোমার কাছ
থেকে মুক্তি চাই।
হে অভিমান
আমাকে স্পর্শ করো
আমি তোমার
সংস্পর্শ চাই।
হে দুখ,
আমি তোমাকে
মাঝে মাঝে চাই
কারণ অতি সুখে
আমি অহংকারী
হয়ে যাই।
হে হাসি,
তুমি আমাকে
প্রাণ দাও
যখন অতি দুঃখে
আমি মৃত্যুবরণ করি।

# স্বাধীনতা

**সুস্মিতা জানা**
(২০২২-২০২৪)

স্বাধীন মোদের ভারতবর্ষ
সুখেই আছি মোরা।
যারাই স্বাধীন করছে মোদের
সুখ পায়নি তারা।।
তাদের মধ্যে লক্ষ্য দিয়া
আছে হাজার ধন্য।

হাসি মুখে দিল প্রাণ
স্বাধীনতার জন্য।।
বীর পুরুষ সুভাষচন্দ্র
আছে মোদের প্রাণে।
স্বাধীনতার জন্য যুদ্ধ করেছিলেন
সবাই তা জানে।।
ঝাঁসির রানী লক্ষ্মীবাঈ
চিনেছিলেন স্বাধীনতা।
স্বাধীনতার যুদ্ধে প্রাণ দিলেন
শহীদ প্রীতিলতা।।
হাজারহাজার শহীদ আছেন
স্বাধীনতা চেয়েছিলযারা।
এখন স্বাধীন ভারতবর্ষে
ভালোই আছি মোরা ?

## আমি কৃষ্ণকলি, চিনতে পারো ?

সংবৃতি বর্মন
(২০২২-২০২৪)

আমি রবি বাবুর আধুনিক কালের এক সাধারণ মেয়ে।
না, না ...
নরেশ বলে কেউ আসেনি আমার জীবনে...
অবশ্য লাল লিপস্টিক, সাদা মুখ,সাইজ জিরো ফিগারের
জিন্স প্যান্টের দুনিয়ায়,
কোনো নরেশেরই চোখে পড়েনি আমায়!
ছোট্টো গ্রামের অত্যন্ত সামান্য মেয়ে আমি।
যে, কখনো ঠাঁই পায়নি, যুবক মহলের কবিতার লাইনে!
তবে ভালোবাসা এসেছিল ....
অমাবস্যা রাতে চাঁদের মতো
কিন্তু, প্রেমের সেই অবিনশ্বর উপন্যাস ছিল ছিন্ন বিচ্ছিন্ন।
ভালো লাগা আর ভালোবাসার পার্থক্যের দোহাই দিয়ে
উড়ে গেল সে অন্য খাঁচায়, ঘর বাঁধতে।
হ্যাঁ বাপু,
এখন বুঝি ...
এমন ভারী চেহারার কালো মেয়ে, সত্যি অভাগীই হয়।
বিশ্বাস হচ্ছে না ?
তবে একটা গল্প বলি শোনো....
তখন সবে কলেজ জীবন
সদ্য প্রেমে আঘাত খেয়ে, এসেছি নতুন শহরে।
নতুন চলন, নতুন বলন, অনেক মানুষের ভিড়ভিড়
ভালো লেগেছিল মিষ্টি মুখের হ্যান্ডসাম এক ছেলেকে
সারাদিন গান বাজনা,
কথায় কথায় ইংরেজি বলে....।
শুরু হল রাতা জেগে কথা বলা,
মাঝে মাঝে নদীর পাড়ে দেখা করা
নতুনভাবে সাজিয়ে গুছিয়ে নিলাম নিজেকে।
হঠাৎ একদিন মনে হল ....
এবার তবে বলেই ফেলি মনের কথা।
বই এর ভেতর রেখে দিলাম দুই পাতার এক প্রেম পত্র
